লেন্স এশিয়া
৬ জানুয়ারী, ২০২৬

# মোস্তাফিজ ইস্যুতে সরকারের নিউটনের তৃতীয় সূত্র মতো প্রতিক্রিয়া: অর্থ উপদেষ্টা




সংগৃহীত ছবি

মুস্তাফিজুর রহমানকে কলকাতা নাইট রাইডার্স বাদ দেওয়ার পর বাংলাদেশও পাল্টা পদক্ষেপ নিয়েছে। তথ্য মন্ত্রণালয় সোমবার নির্দেশ দিয়েছে, মুস্তাফিজ টুর্নামেন্ট খেলতে না যাওয়ার এবং পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত দেশের সকল আইপিএল খেলা ও অনুষ্ঠান সম্প্রচার বন্ধ থাকবে।

অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, “যে কোনো কাজের একটি সমান ও বিপরীতমুখী প্রতিক্রিয়া থাকে। ভারতের সিদ্ধান্তের পর বাংলাদেশের পদক্ষেপও এরই অংশ। এটি প্রতিক্রিয়া হিসেবে যথাযথ এবং বলিষ্ঠ।”

তিনি আরও জানান, “আইপিএল সম্প্রচার বন্ধ হলে অর্থনীতি বা সরকারি ক্রয় প্রভাবিত হবে না। সমস্যা শুরু বাংলাদেশ করেনি। মুস্তাফিজ একজন প্রতিভাবান খেলোয়াড়, তাকে এমনভাবে বাদ দেওয়া দু’দেশের জন্যই ভালো হয়নি। আমরা চাই না রাজনৈতিক বা অর্থনৈতিক সম্পর্ক ক্ষতিগ্রস্ত হোক।”

ড. সালেহউদ্দিনের মন্তব্য, “একে ক্রিয়া-প্রতিক্রিয়া হিসেবে দেখতে হবে। ভারতকেও ভাবিয়ে তুলেছে; শশী থারুরও বলেছেন, ভারতের এটি করা উচিত হয়নি। আশা করি, ভবিষ্যতে খেলাধুলা ও বাণিজ্যিক সম্পর্ক অব্যাহত রাখা যাবে।”

LENS ASIA